

প্রা

লিখে কি মন ভরে ? লিখে কি পেট ভরে ?
লিখে কি শরীরের অবুঝ প্রান্তর
সবুজ হয়ে যায় ? লিখে কি সুখ ঝরে ?
লিখে কি কান্না গতিতে ভরে যায় ?
লিখে কি কোনদিনোও হারানো প্রিয়তমা
ঘরেতে ফিরে আসে ? প্রবাস যাত্রা
ক্ষান্ত করে দিয়ে ঘরের ঘুম আসে ?
লিখে কি কক্ষনো বৃষ্টি খেমে যায় ?
লিখেছে কতো দিন কবিতা কত কবি
এঁকেছে রাত দিন অন্ধকার
থেকে কত তার হৃদয় তন্ততে
কেপেঁছে কতটুকু ছন্দ তার ?

শব্দ ঝরে যায় শব্দে ভারি হলে
শব্দ বেড়ে হয় যন্ত্রনা
এতো যে দিন যায় লিখে যে রাত কাটে
লিখে কি কেউ পায় সান্ত্বনা ?

শান্তনু লাহিড়ী

